

Received
৩১/০৭/২০

কাজ/নিউজ/বক/আলাশ/বক/নিউজ/বক



গণপ্রজাতন্ত্রী

ESTM	সরকার	H.A	
D.A	এর কার্যালয়	A.A	
	পানি/সরবরাহ প্রকল্প	CAS	

প্রকল্প পরিচালক

সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি কাকরাইল, ঢাকা-১০০০।

e-mail: pd.pswsc @ dphe.gov.bd

স্মারক নং-৪৬.০৩.২৬০০.৫৪৫.১৪.০০১.২০- ৫২২৫

তারিখঃ ২৬/০৭/২০২২খ্রিঃ

প্রেরক : প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ)
সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : নির্বাহী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
সকল জেলা।

বিষয় : পানির উৎসের স্থান নির্বাচন ও সহায়ক চাঁদা গ্রহণ ও জমা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পভূক্ত কাজ বাস্তবায়নের ক্ষেত্রে পানির উৎসের স্থান নির্বাচন ও সহায়ক চাঁদা উত্তোলনের বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর থেকে প্রেরিত প্রকল্পের মুখবন্ধ ও বিভিন্ন পত্রের মাধ্যমে বিভিন্ন সময়ে নির্দেশনা দেওয়া স্বত্বেও কোন কোন জেলা/উপজেলায় উক্ত নির্দেশনার ব্যত্যয় হচ্ছে। এক্ষেত্রে পানির উৎসের স্থান নির্বাচন ও সহায়ক চাঁদা গ্রহণ ও জমার বিষয়টি পুনরায় পরিষ্কার করা হলো।

ক) পানির উৎসের স্থান নির্বাচনের ক্ষেত্রে নির্দেশনা :-

সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় বরাদ্দকৃত নলকূপের ৫০% স্থান সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্য কর্তৃক এবং অবশিষ্ট ৫০% স্থান ইউনিয়ন ওয়াটস্যান (WATSAN) কমিটি কর্তৃক নির্বাচন করতে হবে। ইউনিয়ন ওয়াটস্যান (WATSAN) কমিটির নির্বাচিত স্থান তালিকা উপজেলা (WATSAN) কমিটি কর্তৃক অনুমোদিত হতে হবে। অর্থাৎ মোট বরাদ্দের ৫০% পানির উৎস ইউনিয়ন (WATSAN) কমিটি কর্তৃক প্রদত্ত ও উপজেলা (WATSAN) কমিটি কর্তৃক অনুমোদিত স্থান তালিকা ব্যতীত নলকূপ স্থাপন করা যাবে না। এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট প্রকৌশলী দায়ী থাকবেন।

সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী উপজেলা পর্যায় থেকে প্রাপ্ত স্থান তালিকা উল্লেখিত নিয়মে নির্বাচন করা হয়েছে কিনা বিষয়টি নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট ঠিকাদারকে নলকূপ স্থাপনের জন্য তালিকা প্রদান করবেন।

খ) পানির উৎসের সহায়ক চাঁদা উত্তোলন ও জমা সংক্রান্ত নির্দেশনা :-

কোন ধরনের পানির উৎসের জন্য সহায়ক চাঁদার হার কত বিষয়টি আবশ্যিকভাবে সংশ্লিষ্ট ইউনিয়ন ওয়াটস্যান কমিটি, উপজেলা ওয়াটস্যান কমিটি, মাননীয় সংসদ সদস্য ও উপকারভোগী জনগণকে লিখিতভাবে জানাতে হবে এবং সরকার কর্তৃক নির্ধারিত সহায়ক চাঁদার অতিরিক্ত কোন অর্থ কোনভাবেই গ্রহণ করা যাবে না।

সহায়ক চাঁদা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কোন কর্মকর্তা/কর্মচারী ডিডি/পে-অর্ডার ব্যতিরেকে নগদ টাকা গ্রহণ করতে পারবেন না।

সহায়ক চাঁদা কিভাবে ডিডি বা পে-অর্ডার করতে হবে সে বিষয়ে বিস্তারিত সংশ্লিষ্ট ইউনিয়ন ওয়াটস্যান কমিটি, উপজেলা ওয়াটস্যান কমিটি, মাননীয় সংসদ সদস্য ও সংশ্লিষ্ট উপকার ভোগীদেরকে জানাতে হবে এবং ডিডি/পে-অর্ডার করার ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে সর্বাত্মক সহযোগিতা করতে হবে।

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী কর্তৃক সহায়ক চাঁদার ডিডি/পে-অর্ডার গ্রহণের ক্ষেত্রে অবশ্যই কার নিকট থেকে কত টাকার ডিডি/পে-অর্ডার গৃহীত হলো এবং কেন গৃহীত হলো বিষয়টি অফিসিয়াল সহায়ক চাঁদা গ্রহণের রেজিস্টারে সুস্পষ্টভাবে লিপিবদ্ধ করতে হবে এবং সংশ্লিষ্ট উপজেলার সিসিটি, উপ-সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলীর মৌখিক স্বাক্ষরে জমাকারীকে অফিস কর্তৃক ডিডি/পে-অর্ডার গ্রহণের প্রমাণপত্র দিতে হবে।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, কোন প্যাকেজের চূড়ান্ত তহবিলের চাহিদার ক্ষেত্রে এখন থেকে মাননীয় সংসদ সদস্য কর্তৃক প্রদত্ত স্থান তালিকা ও ইউনিয়ন ওয়াটস্যান কমিটি কর্তৃক প্রদত্ত স্থান তালিকা (যাহা উপজেলা ওয়াটস্যান কমিটি কর্তৃক অনুমোদিত) এবং নির্বাহী প্রকৌশলীর দপ্তরে/নির্ধারিত কোডে সহায়ক চাঁদা জমাদানের প্রমানক আবশ্যিকভাবে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করতে হবে। উক্ত স্থান তালিকা ও সহায়ক চাঁদা জমাদানের প্রমানক সংশ্লিষ্ট উপ-সহকারী/সহকারী এবং নির্বাহী প্রকৌশলীর সত্যায়িত অনুলিপি ব্যতিরেকে চূড়ান্ত বিলের আর্থিক চাহিদার ৮০% এর অধিক তহবিল বরাদ্দ দেওয়া হবে না।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে পানির উৎসের স্থান নির্বাচন ও সহায়ক চাঁদা গ্রহণ/জমার ক্ষেত্রে প্রকল্পের মুখবন্ধ ও অত্র পত্রের নির্দেশনা শতভাগ মেনে চলার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

(তুষার মোহন সাধু খাঁ)
প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ)
সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প, ঢাকা।
তারিখঃ ২৬/০৭/২০২২খ্রিঃ

স্মারক নং-৪৬.০৩.২৬০০.৫৪৫.১৪.০০১.২০- ৮২২৫/৬৪ (০২)
অনুলিপি :-

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সার্কেল,
- ২। সহকারী/উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সকল উপজেলা।

(তুষার মোহন সাধু খাঁ)
প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ)
সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প, ঢাকা।
তারিখঃ ২৬/০৭/২০২২খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ সরকার, ঢাকা।

(তুষার মোহন সাধু খাঁ)
প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ)
সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প, ঢাকা।

স্মারক নংঃ ৪৬.০৩.২৭০০.০৬১.১৪.০০১.২২- ৯৬২ (০৩)

তারিখঃ ০২/০৮/২০২২খ্রিঃ।

অনুলিপি অবগতি ও পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ১। সহকারী/উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,..... উপজেলা, দিনাজপুর।

(এ.এন. মোঃ নাইমুল এহসান)
নির্বাহী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
দিনাজপুর বিভাগ, দিনাজপুর।